

## মাইড্যাসের নিয়মাবলী

প্রিয় ছাত্র-ছাত্রী ভাই-বোনেরা তোমাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ‘মাইড্যাসের’ প্রতিটি ক্লাস সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এবং ছাত্র-ছাত্রীদের পাশের হার বৃদ্ধির লক্ষ্যে ‘মাইড্যাস’ কর্তৃপক্ষ প্রয়োজনীয় কিছু পদক্ষেপ গ্রহণ করেছে :

- ১। ছাত্র-ছাত্রীদের ক্লাসে উপস্থিত থাকা বাধ্যতামূলক। পরপর তিনদিন অনুপস্থিত থাকলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- ২। ছাত্র-ছাত্রীদের নির্ধারিত মডেল টেস্ট উপস্থিত থাকা বাধ্যতামূলক। মডেল টেস্টে অনুপস্থিত থাকলে ৫০ টাকা জরিমানা প্রদান করতে বাধ্য থাকবে।
- ৩। কোন বিশেষ কারণে ক্লাসে উপস্থিত হতে না পারলে তা পূর্বেই টেলিফোনে অবহিত করতে হবে। অন্যথায় ১০০ টাকা জরিমানা প্রদানসাপেক্ষে পরবর্তীতে উক্ত ক্লাস এককভাবে কোর্স চিচারের কাছে করতে পারবে।
- ৪। কোর্স চিচার নির্ধারিত দিনে ক্লাসে উপস্থিত হতে না পারলে পূর্বের ক্লাসেই তা জানাতে হবে। কোন কারণবশত তা সম্ভব না হলে কমপক্ষে ক্লাস শুরুর ৪ ঘণ্টা আগে প্রত্যেক ছাত্র-ছাত্রীকে টেলিফোনে জানাতে হবে।
- ৫। কোর্স চিচার পূর্ব ঘোষণা ছাড়াই নির্ধারিত ক্লাসে অনুপস্থিত থাকলে প্রত্যেক ছাত্র-ছাত্রীকে যাতায়াত বাবদ ৫০ টাকা করে প্রদান করা হবে এবং উক্ত ছাত্র-ছাত্রীদের মূল্যবান সময় অপচয়ের জন্য উক্ত শিক্ষককে কর্তৃপক্ষের নিকট কৈফিযৎ প্রদান করতে হবে। এখানে উল্লেখ্য যে, ক্লাস শুরুর সময় থেকে অতিরিক্ত ৩০ মিনিট পর্যন্ত ছাত্র-ছাত্রীদের কোর্স চিচারের উপস্থিতির জন্য অপেক্ষা করার ব্যাপারে অনুরোধ করা যাচ্ছে।
- ৬। কোর্স চিচার পরপর দু'দিন ক্লাসে অনুপস্থিত থাকলে তার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৭। ছাত্র-ছাত্রীদের ক্লাস শুরুর ৩০ দিনের মধ্যে সকল বকেয়া পরিশোধ করতে হবে। অন্যথায় বকেয়াকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাস করা থেকে অব্যহতি দেওয়া হবে।
- ৮। কোর্স চিচারের ব্যাপারে ছাত্র-ছাত্রীদের কোন ধরনের অভিযোগ থাকলে তা লিখিতভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে।

উপরোক্ত পদক্ষেপগুলো গ্রহণ করার উদ্দেশ্য যেহেতু একটাই আর তা হলো ছাত্র-ছাত্রীদের আশানুরূপ ফলাফল নিশ্চিত করা। তাই উক্ত নিয়ম-কানুন ছাত্র-শিক্ষক সবাইকে মেনে চলার ব্যাপারে কর্তৃপক্ষ সর্বাদা সচেষ্ট।

===== \*\*\* =====